

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২৭৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - সালাতে আশ্রয় প্রার্থনা করা শরীয়তসম্মত

আরবী

وَنَحْوُهُ عَنْ أَبِي سَعِيدٍ مَرْفُوعًا عِنْدَ الْخَمْسَةِ وَفِيهِ: وَكَانَ يَقُولُ بَعْدَ التَّكْبِيرِ: «أَعُوذُ بِاللَّهِ السَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ, مِنْ هَمْزِهِ, وَنَفْخِهِ, وَنَفْتِهِ

ضعيف. رواه أبو داود (775)، والنسائي (2/ 132)، والترمذي (242)، وابن ماجه (804)، وأحمد (3/ 50) وقال الإمام أحمد: «لا يصبح هذا الحديث». قلت: وله شواهد إلا أنها معلولة كلها، فعن عائشة عند الترمذي (243)، وابن ماجه (806)، وضعقه الترمذي، والدارقطني، والبيهقي، وأعله أبو داود. وعن أنس عند الدارقطني، والطبراني، ولكن قال عنه أبو حاتم في «العلل» (1/ 374/375): «حديث كذب، لا أصل له». والعجب من تقاطر قوم على العمل بهذا الدليل الضعيف من دون ما يزيد على عشرة أدلة أخرى في الباب

বাংলা

২৭৩. অনুরূপ হাদীস আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে মারফূ' সূত্রে বর্ণিত হয়েছে। (আহমাদ, আবূ দাউদ, নাসায়ী, তিরমিযী, ইবনু মাজাহ) আর তাতে আছে—তাকবীর তাহরীমার পর (সানার শেষাংশে) এ অংশটুকুও বলতেন, উচ্চারণ: আউযূ বিল্লাহিস সামী'য়িল 'আলীমি মিনাশ শাইতানির রাজীম মিন হামিযিহী ওয়া নাফখিহী ওয়া নাফসিহী। অর্থ: সর্ব শ্রোতা ও সর্বজ্ঞ আল্লাহর নিকট বিতাড়িত ও ধিকৃত শয়তানের কুমন্ত্রণা ও তার তন্ত্রমন্ত্রের ফুঁকফাক থেকে আশ্রয় প্রার্থনা করছি।[1]



ফুটনোট

[1] (আলবানী তার ইরওয়াউল গালীল (২/৫৯) গ্রন্থে উল্লেখ করেন), আলবানী হাদীসটিকে আবূ দাউদ (৭৭৫) তিরমিয়ী ২৪২ তাখরীজ মিশকাত গ্রন্থয়ে হাদীসটিকে সহীহ বলেছেন, আলবানী ইরওয়াউল গালীল, (২/৫৯) গ্রন্থে বলেন, এই হাদীসের সকল রাবী বিশ্বস্ত, সকল রাবী বুখারী মুসলিমের যদি ইবনু জুরাইজ না থাকতো সনদে, তিনি দোষ গোপনকারী অস্পষ্ট ভাবে বর্ননা করে। ইমাম হায়সামী তার মাজমাউয যাওয়ায়িদ, (২/২৬৮) এর সকল রাবীকে বিশ্বস্ত বলে আখ্যায়িত করেছে। ইমাম নাবাবী তার আল মাজমু (৩/৩১৯) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম আহমাদ হাদীসটি বিশুদ্ধ নয় বলে উল্লেখ করেছেন। ইমাম আবূ দাউদ বলেন, মুহাদ্দিসগন বলেন হাদীসটি আলী বিন আলী হাসান থেকে মুরসাল রুপে বর্ননা করেছেন। ইমাম তিরমিয়ী বলেন (২৪২) আলী আর রেফারী সম্পর্কে ইয়াহিয়া বিন সাঈদ সমালোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন